

ণ মানুষকে জাগতে হবে, বৈষম্য নিয়ে কথা বলতে হবে। কারণ সাধারণ মানুষ ঐক্যবন্ধ হলে আওয়ামী লীগ আর বিএনপির কোনো হ্যাডম থাকবে না। কথাগুলো বলেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি নুরুল হক নুরুল।

তিপি নির্বাচিত হয়ে গতকাল রাবিবার সকালে প্রথমবার গ্রামের বাড়ি পটুয়াখালীর চরবিশ্বাস পৌঁছে এলাকাবাসীর দেওয়া সংবর্ধনায় তিনি বক্তব্য রাখছিলেন।

নুরুল হক আরও বলেন, ক্ষক ধান-চালের ন্যায্যমূল্য পাচ্ছে না। ক্ষক এখন কৃষিকাজ ছেড়ে দিতে চাচ্ছে। ক্ষকের পাশে আওয়ামী লীগ কিংবা বিএনপি কেউ দাঁড়াচ্ছে না। চরবিশ্বাস বাজারে স্থানীয় ইউপি চেয়ারম্যান রাজা মিয়ার সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে নুরের বাবা মো. ইদ্রিস হাওলাদার, তার সফরসঙ্গী ঢাকা কলেজের ছাত্র মো. রাকিবুল ইসলাম, মো. জাহিদ হোসেন, বাঙলা কলেজের ছাত্র মো. রিয়াদ হোসেন, কাজী নজরুল ইসলাম কলেজের ছাত্র মো. ফরহাদ হোসেনসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

এদিকে নুরের নিজের বাড়ি সফরে বিভিন্ন মহল থেকে বাধা প্রদানের ইঙ্গিত থাকলেও তিনি নির্বিঘ্নে বাড়ি পৌঁছান। গতকাল ভোরে তিনি পটুয়াখালীর চরকাজল লঞ্চ টার্মিনালে পৌঁছান। সেখানে তাকে ফুল দিয়ে বরণ করে এলাকাবাসী। তার পর বিশাল মোটরসাইকেল শোভাযাত্রার মাধ্যমে তিনি চরবিশ্বাস পৌঁছান। ছাত্র রাজনীতিতে আশাতীত সাফল্যের কারণে তাকে একনজর দেখতে কাঠফাটা রোদ উপেক্ষা করে সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত হন কয়েক হাজার জনতা।